

চৌগাছার ১৫শ' বেসরকারি শিক্ষক কর্মচারী বেতন-বোনাস পাননি

■ আবু জাফর, চৌগাছা (যশোর) সংবাদদাতা

চৌগাছা উপজেলার কুল, কলেজ ও মাদ্রাসার প্রায় ১৫শ' শিক্ষক-কর্মচারী তাদের জুন মাসের বেতন এবং ঈদ বোনাস পাননি। ফলে মান হয়ে গেছে তাদের ঈদ আনন্দ।

জানা গেছে, চৌগাছা উপজেলার ৬১টি মাধ্যমিক বিদ্যালয়, ২১টি দাখিল মাদ্রাসা ও ৪টি এমপিওভুক্ত ডিগ্রি কলেজ রয়েছে। এসব শিক্ষা প্রতিষ্ঠানে প্রায় দেড় হাজার শিক্ষক-কর্মচারী কর্মরত রয়েছেন। সরকারিভাবে প্রায় এক সপ্তাহ আগে এসব শিক্ষক-কর্মচারীর জুন মাসের বেতন ও ঈদ বোনাসের টাকা দেশের চারটি রাষ্ট্রীয় ব্যাংকের কাছে হস্তান্তর করা হয়েছে। কিন্তু ডিজিটাল বাংলাদেশে এক

সপ্তাহের মধ্যেও সেই অর্ডার সোনালী ব্যাংক চৌগাছা শাখায় এসে পৌঁছায়নি।

শিক্ষক-কর্মচারীদের অভিযোগের ভিত্তিতে রবিবার দুপুরে সোনালী ব্যাংক চৌগাছা শাখার ম্যানেজার সরদার আব্দুর রাক্কাকের কাছে শিক্ষক-কর্মচারীদের বেতন-বোনাসের ব্যাপারে জানতে চাইলে তিনি বলেন, এখন পর্যন্ত বেতন-বোনাস দেয়ার ব্যাপারে কোন অর্ডার এসে পৌঁছায়নি।

উপজেলা মাধ্যমিক শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক মাস্টার কামাল আহমেদ জানান, সরকার প্রতিবার সময়মত বেতন-বোনাসের টাকা ছাড় করলেও ব্যাংক কর্তৃপক্ষের গাফিলতির কারণে আমরা সময়মতো তুলতে পারি না। এ ব্যাপারে বার বার অভিযোগ করেও কোন লাভ হয় না।